জরুরী পরিসেবা হিসাবে কেবল টিভি কে বিবেচনা করা উচিত

করোনা ভাইরাস সংক্রমণরোধে সরকার ঘোষিত ছুটির মধ্যে যেসব খাত এর আওতার বাইরে থাকবে, সেই তালিকায় ইন্টারনেট পরিসেবার নাম থাকলেও নাম নেই কেবল টিভি পরিসেবার।

বর্তমান দুর্যোগ মোকাবেলায় সরকার ঘোষিত ছুটিতে ইন্টারনেট সেবায় নিয়োজিত যানবাহন এবং কর্মীদের যাতায়াতের অনুমতি দিয়ে এবার পরিপত্র জারি করেছে প্রধানমন্ত্রীর কার্যালয়।

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয় স্বাক্ষরিত পরিপত্রটি বৃহস্পতিবার (৯ এপ্রিল) জারি করা হয়েছে।

পরিপত্রে করোনা ভাইরাস সংক্রমণরোধে সরকার ঘোষিত ছুটির মধ্যে যেসব খাত এর আওতার বাইরে থাকবে, সেই তালিকা দেয়া হয়েছে।

পরিপত্রে বলা হয়, করোনাভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সরকার ষোষিত সাধারণ ছুটি এবং জনস্বার্থে চলাচল ও গমনাগমনে নিষেধাজ্ঞা অথবা নিয়ন্ত্রণ ও নিবৃত্তিমূলক যে কোনো ব্যবস্থাকালে জরুরি সেবা ও সরবরাহ-শৃঙ্খলা যথাসম্ভব স্বাভাবিক রাখার স্বার্থে নিম্নোক্ত পরিসেবাসমূহ যথারীতি চালু থাকবে-

* জরুরি পরিসেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস, ফায়ার সার্ভিস, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট এবং এতদসংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী।

* চিকিৎসা সেবায় নিয়োজিত এবং ওষুধসহ চিকিৎসা সরঞ্জমাদি বহনকারী যানবাহন ও কর্মী।

* ওষুধ-শিল্প সংশ্লিষ্ট যানবাহন ও কর্মী, নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রী, খাদ্যদ্রব্য, শিশুখাদ্য, দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্য এবং পশুখাদ্য পরিবহন কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী।

* কৃষিপণ্য, সার, কীটনাশক, জ্বালানি ইত্যাদি পণ্য পরিবহন কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী।

* কৃষিপণ্য উৎপাদন, মৎস্য ও প্রাণিসম্পদ খাতের উৎপাদন, দুগ্ধ-

পণ্য উৎপাদন, খাদ্যদ্রব্য উৎপাদনসহ জীবনধারণের মৌলিক পণ্য উৎপাদন ও পরিবহন কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী।

* উপরোক্ত পরিসেবা সংশ্লিষ্ট রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত যানবাহন ও কর্মী।

মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাধারণ ছুটি/সাপ্তাহিক ছুটি এবং জনস্বার্থে চলাচল ও গমনাগমন নিষেধাজ্ঞা অথবা নিয়ন্ত্রণ ও নিবৃত্তিমূলক যে কোনো ব্যবস্থা সংক্রান্ত জারিকৃত নির্দেশনাসমূহ যথারীতি বলবৎ থাকবে বলে পরিপত্রে জানানো হয়েছে। সূত্র- সময় জার্নাল

প্রস্তত ফাঁসির মঞ্চ, যে কোন সময় কার্যকর মাজেদের ফাঁসি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলায় মৃত্যুদণ্ডাদেশ প্রাপ্ত আসামি ক্যাপ্টেন (অব.) আব্দুল মাজেদের সঙ্গে সাক্ষাৎ করতে কারাগারে গিয়েছেন পরিবারের সদস্যরা।

জল্লাদ শাহজাহানের নেতৃত্বে মো: আবুল, তরিকুল ও সোহেলসহ ১০ জনের জল্লাদের একটি দল তৈরি করেছে ঢাকা জেল কর্তৃপক্ষ। ফাঁসির মঞ্চও প্রস্তুত রয়েছে। তবে এখনো চূড়ান্ত নির্দেশনা না আসায় আজ ফাঁসি হবে কি হবে না এ নিয়ে দোটানায় আছে জেল কর্তৃপক্ষ।

শুক্রবার সন্ধ্যায় এ খবর নিশ্চিত করেন ঢাকা কেন্দ্রীয় কারাগারের (কেরানীগঞ্জ) জেলার মাহবুবুল ইসলাম।

তিনি বলেন, আমরা কারাগারের পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছি। ফাঁসির মঞ্চ প্রস্তুত আছে। জল্লাদের তালিকা করেছি। তবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যে চূড়ান্ত নির্দেশনা সেটি এখনো পায়নি। তাই ফাঁসি কার্যকর করার জন্য যাদের উপস্থিত থাকতে হয় এমন কাউকেও অফিশিয়ালি চিঠি পাঠানো হয়নি। নির্দেশনা পেলে যেকোনো মুহূর্তে ফাঁসির রায় কার্যকর করা হবে। সূত্র- বার্তা২৪.কম

বিএনপি নেতা জাকিরের ত্রাণ বিতরণ অব্যাহত

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য ও পিচ এম্বাসেডর জাকির হোসেন এর উদ্যোগে ত্রাণ বিতরণ অব্যাহত রয়েছে। শুক্রবার মেহেরপুর শহরের প্রায় ৩০টি পরিবারের হাতে ব্যক্তিগত ভাবে ত্রাণ খাদ্য সামগ্রী পৌছে দেন।

মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও ৫ নং ওয়ার্ড যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম মনি এই ত্রাণ সামগ্রী বাড়ি বাড়ি গিয়ে পৌছে দেন।

অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ অব্যাহত থাকবে বলে জানান জাকির হোসেন।

মেহেরপুরের সকল প্রবেশপথে আজ থেকে নিরাপত্তা চৌকি

করোনা প্রতিরোধে আজ শুক্রবার থেকে মেহেরপুর জেলার সকল প্রবেশপথে নিরপত্তা চৌকি বসানো হচ্ছে বলে জানিয়েছেন জেলা প্রশাসক মো: আতাউল গনি।

আজ শুক্রবার দুপুরে তাঁর ফেসবুক টাইমলাইনে তিনি এ তথ্য দিয়েছেন। তিনি বলেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রীর নির্দেশে জেলার সকল প্রবেশপথে নিরাপত্তা চৌকি বসানো হচ্ছে।

বিস্তারিত আসছে..

গাংনীর পল্লীতে পূর্ব শত্রুতার জেরে হামলা বাড়িতে আগুন, নারীসহ আহত-৩

মেহেরপুরের উপজেলার পল্লী জালশুকা গ্রামে পূর্ব শত্রুতার জের ধরে হামলার ঘটনা ঘটেছে। এতে নারীসহ তিনজন আহত হয়েছে।

ঘটনাটি ঘটেছে গত মঙ্গলবার (০৭-০৪-২০২০ ইং) সন্ধ্যায় উপজেলার জালশুকা গ্রামের বালিপাড়া নামক স্থানে।

আহতরা হলো, মৃত গনজের হোসেন এর ছেলে মোঃ ইসরাইল হোসেন, মোঃ মিকাইল হোসেন ও ইসরাইল হোসেন এর স্ত্রী মোছাঃ রোজিয়া খাতুন।

এ ঘটনায় আহত মোঃ ইসরাইল হোসেন বাদী হয়ে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগ সুত্রে প্রকাশ, পূর্ব শত্রুতার জের ধরে ঘটনার দিন সন্ধ্যার দিকে আহতদের হামলাকারিরা গালিগালাজ করলে কথা কাটাকাটি শুরু হয়। কথাকাটাকাটির এক পর্যায়ে হামলাকারি মিনারুল ইসলামের ছেলে ইমরান হোসেন (২২), মোঃ হায়াত আলির ছেলে মোঃ জিনা আলি (৪৫), মোঃ মালেকের ছেলে জসিম উদ্দিন (২৫), শহিদুল ইসলামের ছেলে মোঃ সোহেল রানা (২৯), মুনছুর আলির ছেলে, মোঃ মুকুল হোসেন
(৫৫) ও তরিকুল ইসলাম (২৮) সকলে মিলে রামদা, বাশের লাঠি ও লোহার রড সহ দেশীয় অস্ত্র দিয়ে অভিযোগকারি মোঃ ইসরাইল হোসেন তার ভাই মোঃ মিকাইল হোসেন ও স্ত্রী মোছাঃ রোজিয়া খাতুনের উপর হামলা করে। এতে তারা মারাত্মক আহত হয়। পরে স্থানীয় ও প্রতিবেশীরা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। সেখানে তাদের ভর্তি করা হয়।

এদিকে এ হামলার ঘটনার পর একই দিনে গভীর রাতে বাড়িতে রাখা পাটকাঠির গাদায় আগুন লাগিয়ে দেয়। এতে প্রায় তাদের ১০ হাজার টাকা ক্ষতি হয়েছে বলে অভিযোগ সুত্রে প্রকাশ।

আহতদের পরিবার সুত্রে জানা যায়, আহত ইসরাইলের অবস্থা অবনতি হওয়ায় তাকে আজ শুক্রবার কুষ্টিয়া সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, হামলার ঘটনায় অভিযোগ পেয়েছি। তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

ব্রিটেনের প্রধানমন্ত্রী আইসিইউ থেকে ওয়ার্ডে

ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসনকে ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) থেকে বের করে আনা হয়েছে।

গত বৃহস্পতিবার সন্ধ্যায় তাঁকে আইসিইউ থেকে ওয়ার্ডে নেওয়া হয়েছে। তিনি এখনো হাসপাতালে চিকিৎসকদের পর্যবেক্ষণে আছেন।

গত রবিবার থেকে মি: জনসন লন্ডনের সেন্ট টমাস হাসপাতালে করোনাভাইরাস সংক্রমণের চিকিৎসা নিচ্ছেন।

ব্রিটিশ প্রধানমন্ত্রীর দপ্তর ১০ নং ডাউনিং স্ট্রিট থেকে জানানো হয়েছে, ” বৃহস্পতিবার সন্ধ্যায় তাকে আইসিইউ থেকে স্থানান্তর করে হাসপাতালের ওয়ার্ডে রাখা হয়েছে। তিনি সেখানে থেকে সুস্থ হয়ে উঠার প্রাথমিক পর্যায়ে চিকিৎসা নেবেন।”

১০ নং ডাউনিং স্ট্রিটের এখন মুখপাত্র জানিয়েছেন, “তার মনোবল ভীষণ ভালো।”

করোনাভাইরাস সংক্রমণ শনাক্ত হবার ১০ দিন পরে ব্রিটিশ প্রধানমন্ত্রীকে গত রোববার হাসপাতালে নেয়া হয়। এর পরদিন তাকে ইনটেনসিভ কেয়ার ইউনিটে স্থানান্তর করা হয়।

আইসিইউতে মি: জনসনকে স্বাভাবিক অক্সিজেন দেয়া হলেও তাকে ভেন্টিলেটরে রাখা হয়নি।

একজন মুখপাত্র জানিয়েছেন, মি: জনসনের শারীরিক অবস্থা উন্নতি হচ্ছে এবং তিনি ব্রিটেনের জাতীয় স্বাস্থ্য সেবা কর্মীদের ধন্যবাদ জানিয়েছেন।

এদিকে মি: জনসনকে আইসিইউ থেকে বের করে আনার পর এক টুইট বার্তায় উচ্ছ্বাস প্রকাশ করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

মি: ট্রাম্প লিখেছেন, ” খুব ভালো খবর। প্রধানমন্ত্রী বরিস জনসনকে আইসিইউ থেকে বের করে আনা হয়েছে। সুস্থ হয়ে ওঠো বরিস।”

এদিকে ব্রিটেনের স্বাস্থ্যমন্ত্রী ম্যাট হ্যানকক বলেন, প্রধানমন্ত্রী বরিস জনসনকে আইসিইউ থেকে বের করে আনা খুব ভালো খবর এবং তিনি উন্নতির দিকে রয়েছেন।

মি: জনসনকে আইসিইউ থেকে বের করে আনার বিষয়টিকে “ভালো খবর” হিসেবে আখ্যায়িত করেছেন ব্রিটেনের বিরোধী দল লেবার পার্টির নবনির্বাচিত নেতা।
সূত্র : বিবিস বাংলা

বাংলাদেশে আসছে ১৫ সদস্যের চীনা মেডিকেল টিম

করোনাভাইরাস মোকাবিলায় সহায়তা করতে বাংলাদেশে আসছে ১৫ সদস্যের চীনা মেডিকেল টিম।

বৃহস্পতিবার (৯ এপ্রিল) বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত লি জিমিং এক ভিডিও বার্তায় এ তথ্য জানান।

গত মঙ্গলবার পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই-কে টেলিফোনে শেখ রাসেল গ্যাস্ট্রো- লিভার ইনস্টিটিউট ও হাসপাতালে প্রযুক্তিবিদের একটি বিশেষজ্ঞ দল পাঠানোর আহ্বান জানান। তিনি একটি মেডিকেল টিম পাঠানোর সম্ভাবনা নিয়েও সেদিন আলোচনা করেছিলেন।

বৃহস্পতিবার চীনা দূতাবাস থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয়, করোনা সংকটে বাংলাদেশকে সহায়তা দেওয়ায় চীনের প্রেসিডেন্ট শি জিনপিংকে ধন্যবাদ জানিয়ে চিঠি দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

চিঠিতে মহামারি মোকাবিলায় বাংলাদেশকে চীনের পক্ষ থেকে টেস্ট কিট, মাস্ক, পিপিই ও থার্মোমিটার দেওয়ায় শেখ হাসিনা চীনের প্রেসিডেন্টের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন। একই সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রী চীনের জ্যাক মা ফাউন্ডেশন ও আলিবাবাকে করোনা মোকাবিলায় চিকিৎসা সামগ্রী দেওয়ায় ধন্যবাদ জানান।

প্রধানমন্ত্রী চিঠিতে করোনাভাইরাস মোকাবিলায় চীনের সাফল্যের অভিজ্ঞতা বাংলাদেশ ও বিশ্বের সামনে উদাহরণ হিসেবে উল্লেখ করেন। বিশ্বে করোনাভাইরাস প্রতিরোধে চীনা প্রেসিডেন্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন বলে প্রত্যাশা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

‘দেশের বাইরে আটকে পড়া নাগরিকদের ফিরিয়ে আনা হবে’

পররাষ্ট্রমন্ত্রী ড. একে আবদুল মোমেন বলেছেন, যখনই পরিস্থিতি তৈরি হবে বাংলাদেশ কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে বিশ্বের বিভিন্ন দেশে আটকা পড়া নাগরিকদের ফিরিয়ে আনবে। আজ বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে গণমাধ্যমকে তিনি এ কথা জানান।

পররাষ্ট্রমন্ত্রী বলেন, করোনার কারণে বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশিরা আটকা পড়ে আছেন। খুব শিগগিররই তাদের সবাইকে দেশে ফিরিয়ে আনা হবে। তবে, যারা পাশের দেশ ভারতে আটকা পড়েছেন তাদের এখনই ফেরত আনা সম্ভব না। কারণ সেখানে লকডাউন চলছে, ১৪ এপ্রিলের পরে সেখানে লকডাউন শেষ হবে।

এর আগে, পররাষ্ট্র মন্ত্রণালয় ঘোষণা করেছিল যে ২,৫০০ বাংলাদেশি নাগরিক বর্তমানে ভারতে আটকা পড়েছে।

সংকট মোকাবেলায় বিদেশী মিশনগুলোর সঙ্গে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে জানিয়ে তিনি বলেন, এ কাজে তাদের যেকোনো ধরনের সাহায্য সরকারের পক্ষ থেকে দেয়া হচ্ছে।

আজ বৈঠকে আরও উপস্থিত ছিলেন, প্রবাসীকল্যাণ মন্ত্রী ইমরান আহমেদ, পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

বৈঠক নিয়ে মোমেন বলেন, তারা সিদ্ধান্ত নিয়েছেন যে বাংলাদেশ মিশন এবং প্রবাসী বাংলাদেশিদেরকে সহায়তা দেয়ার জন্য ঢাকার পক্ষ থেকে কৃতজ্ঞতা প্রকাশ করে বিভিন্ন দেশকে চিঠি পাঠাবে সরকার।

চিঠিগুলোতে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এবং প্রবাসী কল্যাণ মন্ত্রী যৌথভাবে স্বাক্ষর করবেন। মোমেন বলেন, তারা বিশ্বের বিভিন্ন দেশে প্রবাসী বাংলাদেশিদের দুর্ভোগ হ্রাস করার জন্য কিছু সুনির্দিষ্ট পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

এ ছাড়া পররাষ্ট্রমন্ত্রী আরও বলেন, কিছু দেশ আমাদের দেশে কোভিড-১৯ এর মোকাবেলার জন্য বিশেষজ্ঞ চিকিৎসক দল ও সরঞ্জামাদি পাঠিয়ে সহযোগিতা করতে চায় বৈঠকে সে বিষয়েও আলোচনা হয়েছে।

এর আগে রবিবার অপর এক আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে প্রবাসী কল্যাণ মন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী জানিয়েছিলেন, মালদ্বীপের পাশাপাশি মধ্যপ্রাচ্যের চার থেকে পাঁচটি দেশ জানিয়েছে পৃথিবীব্যাপী কোভিড-১৯ এর কারণে সেখানে অনেক বাংলাদেশী কর্মী বেকার হয়ে গেছেন।

তিনি বলেন, এই দেশগুলো মূলত তাদের ভাগ্য নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে। তারা বাংলাদেশি কর্মীদের দেশে ফিরিয়ে নেওয়ার আহ্বান জানা। সূত্র- ইত্তেফাক

ব্রিটিশ প্রধানমন্ত্রীর অবস্থা উন্নতির দিকে

তিন রাত আইসিইউতে থাকার পর করোনা আক্রান্ত ব্রিটিশ প্রধানমন্ত্রীর শারীরিক অবস্থা এখন কিছুটা উন্নতির দিকে। ডাউনিং স্ট্রিট জানিয়েছে, চিকিৎসকদের কথাবার্তা বুঝতে পারছেন জনসন।

কোভিড নাইনটিনে আক্রান্ত বলে নিশ্চিতের ১০ দিন পর, গেল রোববার গুরুতর অসুস্থ অবস্থায় লন্ডনের সেন্ট থমাস হাসপাতালে ভর্তি করা হয় তাকে। অবস্থার অবনতি হওয়ায় পরদিন নেয়া হয় নিবিড় পর্যবেক্ষণে; অক্সিজেন দিয়ে করা হয় কৃত্রিম শ্বাসপ্রশ্বাসের। দু’দিনের চিকিৎসার পর সাড়া দিতে শুরু করেছেন তিনি।

তবে পুরোপুরি বিপদমুক্ত হননি বলে এখনও আইসিইউতেই আছেন ৫৫ বছর বয়সী এই প্রধানমন্ত্রী।

খালেদা জিয়ার হোম কোয়ারেন্টাইন শেষ, পুত্রবধূর তত্ত্বাবধানে চলছে চিকিৎসা

শর্তসাপেক্ষে জামিনে মুক্তির পর বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার নির্ধারিত ১৪ দিনের কোয়ারেন্টাইন শেষ হয়েছে। তবে করোনা পরিস্থিতির উন্নতি না পর্যন্ত তিনি ‘হোম কোয়ারেইনটাইনেই’ থাকবেন বলে জানিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

বৃহস্পতিবার গণমাধ্যমকর্মীদের এ তথ্য জানিয়েছেন তিনি।

মহাসচিব মির্জা ফখরুল বলেন, করোনাভাইরাসের সংক্রমণে এখন সারা বিশ্বের টালমাটাল অবস্থা বিরাজ করছে। দেশেও এখন লকডাউনের মতো অবস্থা হয়ে গেছে-এই অবস্থার পরিপ্রেক্ষিতে তাকে শতভাগ

কোয়ারেন্টাইনে থাকতে হবে। সেখানে তিনি নিরাপদে আছেন।
মির্জা ফখরুল আরও বলেন, যখন এই পরিস্থিতির উন্নতি হবে তখনই পরবর্তী অবস্থার কথা আমরা চিন্তা করবো।

তিনি বলেন, ম্যাডাম যথেষ্ট অসুস্থ, এখনো তার শারীরিক অবস্থার খুব বেশি উন্নতি হয়নি। আমাদের দাবি ছিল দেশের বাইরে নিয়ে তাকে চিকিৎসা দেয়ার। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে সেটার অনুমতি নেই। আর করোনার কারণে দেশের এখন যে সার্বিক অবস্থা তাতে সব ডাক্তার ঠিতমতো সার্ভিস দিতে পারছেন না। তার ব্যক্তিগত চিকিৎসকরা যতটুকু পারছেন চিকিৎসা দিচ্ছেন।

একটা মূল বিষয় ছিল যে, তাকে চিকিৎসার জন্য দেশের বাইরে নিয়ে যাওয়া- আমাদের দাবিটা ছিল। দুর্ভাগ্যজনকভাবে তারা বলেছেন যে, দেশের বাইরে যাওয়া যাবে না।’

এদিকে বিএনপি’র ভাইস চেয়ারম্যান ডা. এজেডএম জাহদ হোসেন সাংবাদিকদের জানান, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্ত্রী ডা. জোবাইদার তত্ত্বাবধানে ও নির্দেশনায় বেগম জিয়ার চিকিৎসা চলছে। তিনি লন্ডন থেকে চিকিৎসার সার্বিক বিষয় দেখাশোনা করছেন বলেও জানান ডা. জাহিদ।

গত ২৫ মার্চ নির্বাহী আদেশে ৬ মাস সাজা স্থগিত রেখে খালেদা জিয়াকে মুক্তি দেয় সরকার। ওইদিন বিকেল ৫টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালের থেকে মুক্তি পেয়ে অসুস্থ খালেদা জিয়া গুলশানের বাসা ফিরোজায় অবস্থান করছেন।

বিডি প্রতিদিন